

এইচএসসি ও সমমানে পাসের হার ৮৫.৯৫

ইত্তেফাক অনলাইন ডেক্স

প্রকাশ : ০৮ ফেব্রুয়ারি ২০২৩, ১৩:১৩



ছবি: আব্দুল গনি

২০২২ সালের এইচএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। এবার গড় পাসের হার ৮৫ দশমিক ৯৫।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

বুধবার (৮ ফেব্রুয়ারি) বেলা সোয়া ১১টার দিকে প্রধানমন্ত্রী কার্যালয়ের চামেলী হলে শেখ হাসিনার হাতে এ ফলের সারসংক্ষেপ হস্তান্তর করেছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি ও সব শিক্ষা বোর্ডের চেয়ারম্যানরা।

এ সময় উপস্থিত ছিলেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, শিক্ষা সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের সচিবসহ বিভিন্ন বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তারা।



ছবি: আব্দুল গনি

প্রাপ্ত ফলে ঢাকা বোর্ডে পাসের হার ৮৭ দশমিক ৮৩, জিপিএ-৫ পেয়েছেন ৬২ হাজার ৪২১ জন। রাজশাহী শিক্ষা বোর্ডে পাসের হার ৮১ দশমিক ৫৯ এবং জিপিএ-৫ পেয়েছেন ২১ হাজার ৮৫৫ জন। এ ছাড়া বরিশাল বোর্ডে পাসের হার ৮৬ দশমিক ৯৫ এবং জিপিএ-৫ পেয়েছেন ৭ হাজার ৩৮৬ জন। কুমিল্লা বোর্ডে পাসের হার ৯০ দশমিক ৭, জিপিএ-৫ পেয়েছেন ১৪ হাজার ৯৯১ জন, দিনাজপুর বোর্ডে পাসের হার ৭৯ দশমিক ০৬, জিপিএ-৫ পেয়েছেন ১১ হাজার ৮৩০ জন। সিলেট বোর্ডে পাসের হার ৮১ দশমিক ৪০, জিপিএ-৫ পেয়েছেন ৫৪ হাজার ৮৭১ জন। চট্টগ্রামে পাসের হার ৭৮ দশমিক ৭৬, জিপিএ-৫ পেয়েছেন ১২ হাজার ৬৭০ জন। ময়মনসিংহে পাসের হার ৭৭ দশমিক ৩ এবং জিপিএ-৫ পেয়েছেন ৭ হাজার ১৭৯ জন। যশোরে পাসের হার ৮৩ দশমিক ৯, জিপিএ-৫ পেয়েছেন ১৮ হাজার ৭০৬ জন।